



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,
শরীয়তপুর।

ফোন : ০৬০১-৫৫৬২৩, ই-মেইল : shariatpurghschool@gmail.com

স্কুল কোড : ৬০০৭
থানা কোড : ২৪০
জেলা কোড : ৩০
কেন্দ্র কোড : ৩০০
EIN : 113614

স্মারক নং-০০৫৫/২৪

তারিখঃ ২২/০৮/২০২৪

নিলাম বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর স্মারক নং মাউশি/স.মা.বি.উ.প্র/ইইডি এর সাথে যোগাযোগ/৬৫/২০২৪/১৯৯৬ তারিখঃ ০৮/০৪/২০২৪ খ্রি. মোতাবেক শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুর ভবন যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ভিত্তিতে নিলামে বিক্রয় পূর্বক অপসারণের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	কার্য সম্পাদনের সময়সীমা
বিদ্যালয়ের পূর্ব দিকে অবস্থিত দুইটি টিনশেড একেজো ভবন অপসারণ	শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুর	১৫ (পনেরো) দিন

- শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুরের ক্যাম্পাসে বর্ণিত যে অবস্থায় আছে ঠিকাদার/ফার্মের মালিক তা সরজমিনে দেখে লেটারহেড প্যাডে নিলাম দর উল্লেখপূর্বক সিলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
- প্রত্যেক দরপত্রদাতা উক্ত দরের ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংকে বা পে-অর্ডারে প্রধান শিক্ষক শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুরের অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন।
- কৃতকার্য ঠিকাদার/ফার্ম কর্তৃক দাখিলকৃত দর কনডেমনেশন কমিটি কর্তৃক গৃহীত ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে অনুমোদিত দর/মূল্য যে কোন তপসীলভুক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুর এর বরাবর জমা দিতে হবে।
- দরপত্রের সঙ্গে দাখিলকৃত দর/মূল্যের উপর ৭.৫% হারে ভ্যাট, ৩% হারে অফিস আয়কর এবং সরকারি বিধি মোতাবেক অন্যান্য কর (প্রযোজ্যক্ষেত্রে) আলাদাভাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুর এর বরাবর জমা দিতে হবে।
- কার্যদেশ প্রাপ্ত ঠিকাদার/ফার্মকে ১৫ (পনেরো) দিনের মধ্যে ভবনটি ও যাবতীয় মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যদেশ বাতিল বলে গণ্য হবে।
- বর্ণিত ভবনটি অপসারণের সময় ফুলের কোন ছাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি সাধন করা যাবে না। কোন রূপ ক্ষতি হলে ঠিকাদার/ফার্ম ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে। বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি লাইন আগেই বিচ্ছিন্ন করতে হবে। কোন প্রকার বিক্ষোভকর ব্যবহার করা যাবে না।
- দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ কিংবা বাতিল করতে পারবেন।
- নিলামে কৃতকার্য ঠিকাদার/ফার্ম নিলাম মূল্য সঠিক সময়ে জমা দিতে ব্যর্থ হলে জামানত স্বরূপ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ভবন ভাঙ্গার সময় যদি কোন ব্যক্তি আঘাত প্রাপ্ত হন বা জীবন হানি ঘটে সে জন্য কর্তৃপক্ষ কোন ভাবে দায়ী হবে না।
- দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়: ২৭/০৮/২০২৪ খ্রি. ০৩/০৯/২০২৪ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা। (সরকারি ছুটির দিন ব্যতীত)
- দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ০৪/০৯/২০২৪ খ্রি. বুধবার দুপুর ০১:০০ ঘটিকা।
- দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়: প্রধান শিক্ষকের কার্যালয়, শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুর।
০৪/০৯/২০২৪ খ্রি. বুধবার দুপুর ০১:৩০ ঘটিকা।
- সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান- প্রধান শিক্ষকের কার্যালয়, শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শরীয়তপুর।
- সিডিউল মূল্য: ১০০০/- (এক হাজার) অফেরৎ যোগ্য।

অনুলিপি:-

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- জেলা প্রশাসক, শরীয়তপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
- নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শরীয়তপুর।
- সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
- জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- মাধ্যমিক শিক্ষা অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
- অফিস নথি।


প্রধান শিক্ষক

শরীয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,
শরীয়তপুর।